

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট
শ্রেণি- দ্বিতীয়
বিষয়- গণিত

মুদ্রার ভাগ (সাধারণ ও সমস্যার)

১। i) মুদ্রার একক কী কী ?

উ:- টাকা ও পয়সা ।

ii) মুদ্রার একক গুলি দিয়ে সমজাতীয় রাশি তৈরি করো।

উ:- ৫ টাকা , ২ পয়সা ।

iii) টাকা কে পয়সায় পরিণত করতে গেলে কী করবে ?

উ:- ১০০ দিয়ে গুণ করবো।

iv) পয়সা কে টাকায় পরিণত করতে গেলে কী করবে ?

উ:- ১০০ দিয়ে ভাগ করবো।

২। পরিণত করো :-

i) ৫৭ টাকা ৬ পয়সা = ৫৭০৬ পয়সা।

ii) ১৭৮.৯ টাকা = ১৭৮৯০ পয়সা ।

৩। ক) প্রতিক্ষেত্রে ভাগফল কত হবে?

i) ২০ টাকা ÷ ৫ = ৪ টাকা।

ii) ২০ টাকা ÷ ৫ টাকা = ৪।

[ভাগের ক্ষেত্রে ভাজ্য-এর পাশে যে একক থাকে ভাগফলে সংখ্যার পাশে সেই একক বসে। কিন্তু ভাজ্য ও ভাজক উভয়ের পাশে একই একক থাকলে ভাগফলে শুধু সংখ্যা বসে।]

খ) ১০৫ টাকা - ১৫ টাকা
- ১৫ টাকা - ১৫ টাকা = ০

i) উপরের অঙ্কটিতে ১০৫ টাকা থেকে ১৫ টাকা কে কতবার বিয়োগ করা হয়েছে?

উ:-৭ বার।

ii) এই অঙ্কটি বিয়োগ ছাড়া অন্য কোন্ পদ্ধতিতে করা যাবে? কেন?

উ:- অঙ্কটি বিয়োগ ছাড়া ভাগ পদ্ধতিতে করা যাবে। কারণ একই সংখ্যা বার বার বিয়োগ না করে সহজে ভাগ পদ্ধতিতে অঙ্ক করি।

iii) অঙ্কটিতে ভাজ্য,ভাজক ,ভাগফল ও ভাগশেষ কোন্‌গুলি :-

ভাজ্য = ১০৫ টাকা [বড়ো সংখ্যা] ।

ভাজক = ১৫ টাকা [ছোটো সংখ্যা] ।

ভাগফল=৭ [বার বিয়োগ করা হয়েছে] ।

ভাগশেষ=০ [বিয়োগফল ০] ।

৪। সাধারণ ভাগ :-

ক) ৫২৩ টাকা ৯০ পয়সা ÷ ১৩

৫২৩ টাকা ৯০ পয়সা = ৫২৩৯০ পয়সা

৫২৩৯০ পয়সা ÷ ১৩

$$\begin{array}{r} ৪০৩০ \text{ পয়সা} \\ \hline ১৩ \overline{) ৫২৩৯০ \text{ পয়সা}} \\ \underline{- ৫২} \\ ৩ \\ \underline{- ০} \\ ৩৯ \\ \underline{- ৩৯} \\ ০ \\ \underline{- ০} \\ ০ \\ \hline ০ \end{array}$$

৪০৩০ পয়সা = ৪০ টাকা ৩০ পয়সা ।

উ:- নির্ণীত ভাগফল = ৪০ টাকা ৩০ পয়সা ।

খ। ৩৭২.৬ টাকা ÷ ১২

৩৭২.৬ টাকা = ৩৭২৬০ পয়সা

৩৭২৬০ পয়সা ÷ ১২

$$\begin{array}{r} ৩১০৫ \text{ পয়সা} \\ \hline ১২ \mid ৩৭২৬০ \text{ পয়সা} \\ - ৩৬ \\ \hline ১২ \\ - ১২ \\ \hline ৬ \\ - ০ \\ \hline ৬০ \\ - ৬০ \\ \hline ০০ \end{array}$$

৩১০৫ পয়সা = ৩১ টাকা ০৫ পয়সা

= ৩১.০৫ টাকা

উ:- নির্ণীত ভাগফল ৩১.০৫ টাকা।

নিজে করো :-

১। ১২৫ টাকা ১৬ পয়সা ÷ ১২

২। ৩৬০ টাকা ৬৪ পয়সা ÷ ১৪

৩। ৭৫১ টাকা ৫ পয়সা ÷ ৯

৪। ২৫৬.৭ টাকা ÷ ১০

৫। ১০০০.২০ টাকা ÷ ১৫

৬। ১৯৬.৯৬ টাকা ÷ ৮

সমস্যার ভাগ :-

১।ক) ১৫ টি বই এর দাম ৪০৫ টাকা ১৫ পয়সা। প্রতিটি বই এর দাম যদি সমান হয় তাহলে এক-একটি বই এর দাম কত ?

[এখানে ১৫ টি বই এর মান দেওয়া আছে , একটি বই এর মান নির্ণয় করতে হবে। তাই ভাগ প্রক্রিয়ায় অঙ্ক টি করতে হবে।]

$$৪০৫ \text{ টাকা } ১৫ \text{ পয়সা} = ৪০৫১৫ \text{ পয়সা।}$$

১৫ টি বই এর দাম ৪০৫১৫ পয়সা

১ টি বই এর দাম (৪০৫১৫ ÷ ১৫) পয়সা

$$= ২৭০১ \text{ পয়সা}$$

$$= ২৭ \text{ টাকা } ১ \text{ পয়সা}$$

$$\begin{array}{r} ২৭০১ \text{ পয়সা} \\ \hline ১৫ \overline{) ৪০৫১৫ \text{ পয়সা}} \\ \underline{-৩০} \\ \hline ১০৫ \\ \underline{-১০৫} \\ \hline ১ \\ \underline{- ০} \\ \hline ১৫ \\ \underline{-১৫} \\ \hline ০০ \end{array}$$

উ:- এক -একটি বই এর দাম ২৭ টাকা ১ পয়সা ।

খ) ৬৭৪.৮ টাকায় ১৪ টি ফুলদানি কেনা হলো ১৪ জনকে দেওয়ার জন্য।
প্রত্যেককে কত টাকা করে দিতে হবে ?

[প্রত্যেকে = ১ জন]

৬৭৪.৮ টাকা = ৬৭৪৮০ পয়সা

১৪ টি ফুলদানির দাম ৬৭৪৮০ পয়সা

১ টি ফুলদানির দাম (৬৭৪৮০ ÷ ১৪) পয়সা

= ৪৮২০ পয়সা

= ৪৮.২০ টাকা

৪৮২০ পয়সা

১৪ | ৬৭৪৮০ পয়সা

- ৫৬

১১৪

- ১১২

২৮

- ২৮

০০

- ০০

০০

উ:- প্রত্যেকে ফুলদানির জন্য ৪৮.২০ টাকা দেবে।

নিজে করো :-

১। একটি ঝুড়িতে ৯টি মাটির পুতুল আছে। সব পুতুলগুলি ১০৮ টাকা ২৭ পয়সায় বিক্রি করা হলো। প্রত্যেকটি পুতুলের দাম সমান হলে এক একটি পুতুলের দাম কতো ?

২। এক দোকানদার ১২ টি সমান দামের খেলনা কিনেছেন ৬৮৬টাকা ১৬ পয়সায়। একটি খেলনার জন্য কত টাকা খরচ করলেন ?

৩। ৯৬৫.৭৭ টাকায় তুমি ১৩ টি কলম কিনেছো। প্রতিটি সমান দামের কলমের এক একটির দাম কত ?

৪। তুমি ২২৫.৬ টাকা নিয়ে বাজারে গেলে। সেই টাকা দিয়ে সমান দামের ১৫ টা বল কিনলে। একটি বল এর জন্য তুমি কত টাকা দিয়েছো ?

বিঃদ্রঃ

➤ ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য

Comment Box- এ পাঠাও।

➤ নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।

➤ আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।